



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dsheets.gov.bd](http://www.dsheets.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৯২.২০১৯/ ১৮৮/১

তারিখ: ৩১/১২/২০২০খ্রিস্টাব্দ

বিষয়: অধ্যক্ষের দায়িত্ব পালন।

- সূত্র:
- (ক) জনাব মোঃ এ.বি. ছিদ্রিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান এর ১৯/০৮/২০১৯খ্রি. তারিখের আবেদন।
  - (খ) মাউশির পত্র নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৯২.২০১৯/৪১৯৪/২; তারিখ: ৩০/০৯/২০১৯খ্রি.
  - (গ) জনাব মোঃ এ.বি. ছিদ্রিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান এর ২৮/১০/২০২০ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজে কর্মরত ও এমপিওভুক্ত জনাব মোঃ এ.বি. ছিদ্রিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান কে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য জনাব মোঃ এ.বি. ছিদ্রিক সূত্রছ (ক) পত্র মোতাবেক আবেদন করেন। প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মুহাম্মদ আতাউর রহমান এর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় চাকুরী হতে অবসরে যান। জনাব মোঃ এ.বি. ছিদ্রিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান এর চেয়ে জুনিয়র জনাব মোঃ সারফয়ার আলম, সহকারী অধ্যাপক, অর্থনীতিকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে জনাব মোঃ এ.বি. ছিদ্রিক অভিযোগ করেন। প্রতিষ্ঠানটির এডহক কমিটির মেয়াদ ১৭/০৮/২০১৯খ্রি. তারিখ শেষ হয়েছে। সে প্রেক্ষিতে মাউশি হতে সূত্রছ (খ) পত্র মোতাবেক উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজের এডহক কমিটির মেয়াদ সমাপ্ত হওয়ার পরে নিয়মিত গভর্নিং বডি গঠিত হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য এবং জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০১৮ এর ১৩ ধারা অনুসারে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতির যৌথ স্বাক্ষরে কলেজের শিক্ষক তালিকা প্রেরণ করার জন্য পত্র দেয়। কিন্তু অদ্যবধি তা পাওয়া যায়নি।

ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজের জনাব মোঃ এ.বি. ছিদ্রিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান এবং সেপ্টেম্বর/২০২০ মাসের কর্তনকৃত বেতন প্রদান করার জন্য জনাব মোঃ এ.বি. ছিদ্রিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদন করেন। উক্ত পত্রের গায়ে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় মহোদয় স্বাক্ষর প্রদান করে আবেদন পত্রটি মাউশি অধিদপ্তরে প্রেরণ করেন।

উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ ২৯/১২/২০১৮খ্রি. তারিখ অবসরে যান। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী জনাব মোঃ এ.বি. ছিদ্রিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান জ্যেষ্ঠতা দাবি করেন। কিন্তু অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে তাকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব না দিয়ে জুনিয়র শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়। সে প্রেক্ষিতে জনাব মোঃ এ.বি. ছিদ্রিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ২৫৩৯/২০১৯ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট গত ১৪/০৩/২০১৯খ্রি. তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ময়মনসিংহকে আইনানুযায়ী বিষয়টি এক মাসের মধ্যে নিষ্পত্তি করার নির্দেশ প্রদান করে। কিন্তু তারপরও তাঁকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়নি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজের এডহক কমিটির মেয়াদ সমাপ্ত হওয়ার পরে নিয়মিত গভর্নিং বডি গঠিত হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য এবং জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০১৮ এর ১৩ ধারা অনুসারে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতির যৌথ স্বাক্ষরে কলেজের শিক্ষক তালিকা কলেজ হতে সংগ্রহ করে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*AC/2018/31.12.2020*  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন: ৯৫৫৬০৫৭  
Email: ncollege@dsheets.gov.bd

পরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
ময়মনসিংহ অধ্যুল, ময়মনসিংহ।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। সংরক্ষণ নথি।